

বিষয় : সংস্কৃত (দ্বাদশ-শ্রেণি)।

পাঠ্য-বিষয় : বাসন্তিকস্বপ্নম্ (প্রথমো ভাগঃ) ।

" বাসন্তিকস্বপ্নম্ " নাট্যাংশের নির্বাচিত প্রশ্ন ও প্রশ্নগুলির উত্তর :

1) প্রশ্ন : 'বাসন্তিকস্বপ্নম্' নাটকের রচয়িতা কে ?

উত্তর : বাসন্তিকস্বপ্নম্ নাটকের রচয়িতা হলেন কর্ণাটকের পুডুকোটা শহরের পণ্ডিত আর. কৃষ্ণমাচার্য।

2) প্রশ্ন : চন্দ্রের অবস্থা কীরূপ ?

উত্তর : চন্দ্রের অবস্থা ক্রমশ ক্ষীণ হতে চলেছে (ক্ষীয়মানঃ)।

3) প্রশ্ন : 'বাসন্তিকস্বপ্নম্' নাট্যাংশে বর্ণিত তখনকার 'দেশাচার' কী ছিল ?

উত্তর : 'বাসন্তিকস্বপ্নম্' নাট্যাংশে বর্ণিত তখনকার 'দেশাচার' ছিল গুরুজন তথা পিতার আদেশ পালন করা।

4) প্রশ্ন : "অথবা যাবজ্জীবং পরিণয়াকরণম্"----- এই কথার অর্থ কী ?

উত্তর : উদ্ভূতাংশের অর্থ হল — অথবা যতদিন বাঁচবে ততদিন বিয়ে না-করে থাকতে হবে।

5) প্রশ্ন : "এষ এব নিশ্চয়ঃ" — নিশ্চয়টা কী ?

উত্তর : কৌমুদীর স্হির সিদ্ধান্ত হল ---- সে বসন্তকে ছাড়া অন্য কাউকে গ্রহণ করবে না। তার জন্য মৃত্যু অথবা চিরকুমারী ব্রত পালনও শ্রেয়।

6) প্রশ্ন : রাজা ইন্দ্রবর্মা ও কনকলেখার কোন্ তিথিতে বিয়ে হবে। ?

উত্তর : রাজা ও কনকলেখার অমাবস্যা তিথিতে বিয়ে হবে।

7) প্রশ্ন : "কুহুঃ" পদের বিপরীত পদ কী ?

উত্তর : 'কুহুঃ' পদের বিপরীত পদ হল 'পূর্ণিমা' ।

8) প্রশ্ন : "বৈবস্বত" ও "বৈবস্বান" এর পার্থক্য কী ?

উত্তর : 'বৈবস্বত' হলেন সূর্যপুত্র যমরাজ এবং 'বৈবস্বান' হলেন সূর্যদেব।

